বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
ময়মনসিংহ (উঃ)

সূত্র ঃ আনিকা/ময়মন(উঃ)/শুদ্ধাচার/প্রশা-১২(২)/২০২০-২০২১/ ২৭৮ তারিখ ঃ ১৮.০৩.২০২১ ইং

**বিষয়ঃ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্ম- পরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক নীতি নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার বিবরণী।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (উঃ) শুদ্ধাচার ও নীতি নৈতিকতা কমিটির সভা ১৮.০৩.২০২১ ইং তারিখে সকাল ১০.০০ ঘটিকায় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তার সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১। | জনাব দস্তগীর মোহাম্মদ জাহিদ রেজভী, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা | সভাপতি |
| ২। | জনাব জি ই এম জাকারিয়া, মূখ্য কর্মকর্তা | সদস্য |
| ৩। | জনাব মোঃ মুজিবুর রহান, উর্ধ্বতন কর্মকর্তা | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪। | জনাব মোঃ আবুল কালাম আকন্দ, ডাঃ এঃ সুঃ | সদস্য |

কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিত করণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় তার বক্তব্যে উল্লেখ করেন। তিনি আরও বলেন দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি শ্রদ্ধাশীলতা তথা শুদ্ধাচারের বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন। বর্তমানে ব্যাংকিং খাতে শুদ্ধাচার রকৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সময়োগযোগী পদক্ষেপ গ্রহন অতীব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ময়মনসিংহ (উঃ) কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিমোক্ত সিধান্ত গৃহীত হয় ঃ

১। অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী কে অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ মোতাবেক সকল শাখার নিরীক্ষা কার্যক্রম করবেন।

২। নিস্পত্তিযোগ্য অনুচ্ছেদ গুলো স্পটেই নিস্পত্তি করবেন।

৩। সকল শাখাকে অনিস্পন্ন অনুচ্ছেদের জবাব দ্রুত পেরণের জন্য শাখা ব্যবস্থাপকদের কে পরার্মশ দিবেন

৪। অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী কর্মপরিসরে শুদ্ধাচার চর্চা করবেন এবং অর্পিত কাজ সুচারু রুপে সম্পন্ন করবেন।

৫। সুষ্ঠ আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিধি বিধান যথাযথ ভাবে সকলকে পরিপালনে সচেষ্ঠ হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরণে যথায ভাবে ব্যবস্থা গ্রহনের জন্য শাখা কে পরামর্শ দিবেন।

৬। দর্শনীয় স্থানে অভিযোগ বাক্স স্থাপনের জন্য শাখাকে পরামর্শ দিবেন।

৭। লেখালী ঋণ সংস্কৃতি থেকে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপী ঋণ আদায়ে সচেষ্ঠ হবে

৮। সততার সাথে সকল কে মানি লন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং অবিলম্বে এতদবিষয়ে সকলকে নিয়ে সভা করতে হবে।

৯। বিকেবি আচরণবিধি বাস্তবায়নে সকলকে সচেষ্ঠ থাকতে পরামর্শ দিবেন।

১০। গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হতে পরামর্শ দিবেন।

সভাপতি মহোদয়সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দ কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষরিত | স্বাক্ষরিত | স্বাক্ষরিত | স্বাক্ষরিত |
| **(আবুল কালাম আকন্দ)** | **(মোঃ মুজিবুর রহান)** | **(জি ই এম জাকারিয়া)** | **(দস্তগীর মোঃ জাহিদ রেজভী)** |
| ডাঃ এঃ সুঃ | উর্ধ্বতন কর্মকর্তা | মুখ্য কর্মকর্তা | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা |
| ও সদস্য | ও সদস্য সচিব | ও সদস্য | ও সভাপিত |
| নীতি নৈতিকতা কমিটি | নীতি নৈতিকতা কমিটি | নীতি নৈতিকতা কমিটি | নীতি নৈতিকতা কমিটি |

আনিকা/ময়মন(উঃ)/শুদ্ধাচার/প্রশা-১২(২)/২০২০-২০২১/২৭৭(২) তারিখ ঃ ১৮.০৩.২০২১ ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিনিকা, ময়মনসিংহ।

২। বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ(উঃ) এর নিরীক্ষাধীন সকল শাখা।

১৮/৩/২০২১

(মোঃ মুজিবুর রহান)
উর্ধ্বতন কর্মকর্তা
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি